# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ আযান ও ইক্বামত

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৬) ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’ শুনে শাহাদাত আঙ্গুলে চুম্বন করা ও চোখে মাসাহ করা

(৬) ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’ শুনে শাহাদাত আঙ্গুলে চুম্বন করা ও চোখে মাসাহ করা :

উক্ত আমল শরী‘আত সম্মত নয়। কারণ এর পক্ষে কোন ছহীহ হাদীছ নেই। যে বর্ণনাগুলো এসেছে, তা জাল বা মিথ্যা। যেমন-

عَنِ الْخِضْرِ عَلَيْهِ الصَّلاَةُ وَالسَّلاَمُ أَنَّهُ قَالَ مَنْ قَالَ حِيْنَ يَسْمَعُ الْمُؤَذِّنَ يَقُوْلُ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ مَرْحَبًا بِحَبِيْبِىْ وَقُرَّةُ عَيْنِىْ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ .ثُمَّ يُقَبِّلُ إِبْهَامَيْهِ وَيَجْعَلُهُمَا عَلَى عَيْنَيْهِ لَمْ يَعْمَ وَلَمْ يَرْمَدْ أَبَدًا ؟

খিযির (আঃ) বলেন, মুয়াযযিন যখন ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’ বলবে, তখন যে ব্যক্তি বলবে, আমার প্রিয় ব্যক্তিকে স্বাগত, মুহাম্মাদ বিন আব্দুল্লাহর কারণে আমার চক্ষু শীতল হয়েছে, অতঃপর তার দুই হাতের বৃদ্ধা আংগুলে চুম্বন করবে ও দুই চোখ মাসাহ করবে, সে কখনো অন্ধ হবে না এবং তার চোখও ওঠবে না।[1]

তাহক্বীক্ব : বানোয়াট ও ভিত্তিহীন বর্ণনা। এর কোন সনদই নেই।[2]

عَنْ أَبِىْ بَكْرِ الصِّدِّيْقِ أَنَّهُ لَمَّا سَمِعَ قَوْلَ الْمُؤَذِّنِ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُوْلُ اللهِ قَالَ مِثْلَهُ وَقَبَّلَ بِبَاطِنِ الْأَنْمِلَتَيْنِ السَّبَّابَةِ وَمَسَحَ عَيْنَيْهِ فَقَالَ .مَنْ فَعَلَ مِثْلَ مَا فَعَلَ خَلِيْلِىْ فَقَدْ حَلَّتْ عَلَيْهِ شَفَاعَتِىْ ؟

আবুবকর (রাঃ) হতে বর্ণিত, তিনি যখন মুয়াযযিনের ‘আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ’ বলা শুনতেন, তখন তিনি অনুরূপ বলতেন। অতঃপর দুই শাহাদাত আঙ্গুলের পেটে চুম্বন করতেন এবং দুই চোখ মাসাহ করতেন। তখন রাসূল (ছাঃ) বলেন, আমার বন্ধু যা করল তা যদি কেউ করে, তবে আমার শাফা‘আত তার জন্য ওয়াজিব হয়ে যাবে।[3]

তাহক্বীক্ব : এটি ডাহা মিথ্যা বর্ণনা। এর কোন সনদ নেই।[4]

## ফুটনোট

[1]. ইসমাঈল বিন মুহাম্মাদ আল-জার্রাহী, কাশফুল খাফা ২/২০৬ পৃঃ; তাযকিরাতুল মাওযূ‘আত, পৃঃ ৩৪।

[2]. আল-মাক্বাছিদুল হাসানাহ, পৃঃ ৬০৫; আল-ফাওয়াইদুল মাজমূ‘আহ ফিল আহাদীছিল মাওযূ‘আহ, পৃঃ ২০।

[3]. তাযকিরাতুল মাওযূ‘আত, পৃঃ ৩৪।

[4]. আব্দুর রহমান আস-সাখাবী, আল-মাক্বাছিদুল হাসানাহ ফী বায়ানি কাছীরিন মিনাল আহাদীছিল মুশ্তাহারা

আলাল আলসিনাহ, পৃঃ ৬০৫; শাওকানী, আল-ফাওয়াইদুল মাজমূ‘আহ ফিল আহাদীছিল মাওযূ‘আহ, পৃঃ ২০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1877

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন